# বাসনা

পর্যটন স্তব্ধ হলে অবিরাম কথা কাটাকাটি
কাছে দূরে শব্দ হয়ে ভেঙে পড়ে উইয়ের ঢিবির মতো মাটি,
এত পথ পাড়ি দিয়ে হত্যায় চঞ্চল হলো ছুরি
বহুকাল থেকে চেনা উত্তাল বাতাসে লুকোচুরি,
ঝরাপাতা নেমে যায় শিমুলের দূঃখে দেয় দোলা
সারা গা তোমার বড় ধুলোমাখা নিত্তাপ খেলা,
মানুষের বাসা ছেড়ে বনাঞ্চল প্রিয় হলো জানি
দাবানল জ্বলে বৃক্ষে পুড়ে যায় গরিবের কানি,
আলুথালু চাঁদ যেন মর্মাহত পাখি যায় উড়ে
প্রিয়তম দুঃখ আজ আর্ত কথামালা বুক জুড়ে
শ্বেতশুভ্র ফুল দিও আর দিও কিছু বনমায়া
মন্দিরে মন্দিরা বাজে নিঃসঙ্গ স্বপ্নে জাগে ছায়া,
দূরে কাছে শব্দ হয় জ্যোৎস্না যেন হয়ে ওঠে সোনা
হাজার কৃত্রিম আলো, কাঁদে কবি, শব্দের চেতনা।

প্রদীপ দাশগুপ্ত


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com